

আদ-দুখান | Ad-Dukhan | الدُّخَان

আয়াতঃ ৪৪ : ৪৩

আরবি মূল আয়াত:

إِنَّ شَجَرَتَ الزَّقُّومِ ﴿٤٣﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় যাক্কুম বৃক্ষ — আল-বায়ান

নিশ্চয়ই যাক্কুম গাছ (হবে) — তাইসিরুল

নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হবে — মুজিবুর রহমান

Indeed, the tree of zaqqum — Sahih International

৪৩. নিশ্চয় যাক্কুম গাছ হবে(১)–

(১) যাক্কুমের স্বরূপ সম্পর্কে সূরা আস-সাফফাতে কিছু জরুরী বিষয় বর্ণনা করা হয়েছে। এখানে উল্লেখযোগ্য বিষয় এই যে, কুরআনের আয়াত থেকে বাহ্যতঃ জানা যায়, যাক্কুম কাফেরদেরকে জাহান্নামে প্রবেশ করার আগেই খাওয়ানো হবে। [ফাতহুল কাদীর] কেননা, এখানে মানুষকে খাওয়ানোর পর জাহান্নামের মধ্যস্থলে টেনে নিয়ে যাওয়ার আদেশ উল্লেখ করা হয়েছে। এছাড়া অন্য সূরায় বলা হয়েছে,

لَاكُلُونَ مِنْ شَجَرٍ مِنْ زَقُّومٍ * فَمَا لَتُونَ مِنْهَا الْبُطُونَ * فَشَارِبُونَ عَلَيْهِ مِنَ الْحَمِيمِ * فَشَارِبُونَ شُرْبَ الْهَيْمِ * هَذَا
(نُزِّلُهُمْ يَوْمَ الدِّينِ)

[সূরা আল-ওয়াকি'আঃ ৫২-৫৬]

তাফসীরে জাকারিয়া

(৪৩) নিশ্চয়ই যাক্কুম গাছ হবে

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4457>